

## প্রাচীন পদাবলী

দশম কাব্যগ্রন্থ প্রাচীন পদাবলী। দু হাজার দশে প্রথম সংস্করণ প্রকাশিত। পঁচিশে বৈশাখ ১৪১৭। প্রকাশক : বাসুদেব দেব, কালপ্রতিমা প্রকাশনী, কলকাতা। প্রচ্ছদ - অমিত বন্দ্যোপাধ্যায়। কবিতার সংখ্যা - চারশ তিরানব্বই। তিনটি পর্যায় : 'রাজরাজেশ্বরী মঠ'-এ বারোটি। প্রাচীন পদাবলী প্রথম পর্যায়ে দশ কুড়িটি। প্রাচীন পদাবলী দ্বিতীয় পর্যায়ে দশ একাশিটি।

নাম প্রাচীন পদাবলী হলেও কবিতাগুলি আধুনিক। এবং প্রেমের কবিতা। নারী প্রেম। এবং সে প্রেমের অন্তর্গত ঈশ্বরী। রাজরাজেশ্বরী মঠ-এর কবিতাগুলি একটু দুর্লভ অনুষঙ্গের। হলেও তা বৃষ্ণতে কোনো অসুবিধে হয় না। অনুভবকে পুনর্নির্মাণ করে কবি যেমন তাঁর সামর্থ্যের পরিচয় দেন, পাঠককেও সেই সৃষ্টিস্পন্দকে স্পর্শ করে সাযুজ্যের ও সামীপ্যের অধিকারী হতে হয়।

প্রাচীন পদকর্তাদের মতো এই আধুনিক কবিতাগুলিতেও পদাবলীর রক্তিমতা আছে। মহৎ কবিতার মতো গভীর ও বিস্তৃত আত্মখননের শিল্পরূপ আছে। বৈষ্ণবের আকুলতা ও আর্তির সঙ্গে কৌলের শক্তির সমন্বয় আছে। নারী এ কাব্যের নায়িকা হলেও অপহৃতা হয়েছে—স্বীয়ঃ সমস্তাঃ সকলাঃ জগৎসুর অনুভবে স্থির হয়েছে। ইন্দ্রিয়ময়তা অবলুপ্ত হয়ে অতীন্দ্রিয়তা এসেছে। সাহসী ও অসীম পরিক্রমায় কাব্যভুবন এক অনাস্বাদিত রস এনে দিয়েছে। সাকার চরাচরে দেহাশ্রিতসাধনায় প্রেমের উপলব্ধি দুর্লভ।

- তুমি তো শব্দের জন্যে ব'সে আছে গঙ্গার কিনারে  
সমস্ত শরীরে ছাই ধ্বজ দণ্ড ঈষ ও উষ্ণীয়  
নদীর স্রোতের মধ্যে উঠে আসে আনন্দ আঙন  
এবং আঙ্গিকগুলি : কথা বলো বৈথরী ভূমিতে

রাজ রাজেশ্বরী মঠে যে আসে সে আসে চ'লে যায়।

এবং আঙ্গিকগুলি ! ভাষা ছন্দ প্রকরণের দক্ষতা। বাকরীতি। আঙ্গিক শুধু কবিতার শরীর নয় আত্মাও। বৈথরীভূমি থেকে কথাই বলা যায়। শরীরকে ভালবেসে আত্মাকেই ভালবাসা যায়। প্রাচীন পদাবলীর প্রেমের কবিতাগুলির ছন্দোবদ্ধ উচ্চারণে সেই প্রেম অতীন্দ্রিয় অনুভূতিতে সিদ্ধ হয়েছে।

- অবাঙমানসগোচর  
তবু প্রকাশের ব্যাকুলতা !  
তবু নির্বিকার এ বিকার  
আধার শক্তির অন্ধকার।
- অপরোক্ষ সন্নিকর্ষ থেকে  
সামরস্য সরসবাহীর  
নিয়ে আসে সামান্য আভাস  
স্ববিমর্শময় : মাত্র এই।
- জন্ম যায় মৃত্যু যায় ন জায়তে ম্রিয়তে তোমার  
সহস্র সহস্র পীঠে কুণ্ড জেলে ব'সে থাকে কবি।।